



NOTRE DAME COLLEGE

G. P. O. Box No. 5

Motijheel, Dhaka-1000, Bangladesh

Phone: 88-02-41070712, 88-02-41070713

notredamecollege@ndc.edu.bd

Web site: ndc.edu.bd

Date: February 20, 2025

দৃষ্টি আকর্ষণ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নটর ডেম কলেজ ঐতিহ্যগতভাবে শান্তি ও ভ্রাতৃত্ববোধে বিশ্বাসী এবং গুণগত শিক্ষাপ্রদানে সর্বদা সচেষ্ট। নটর ডেম কলেজ অত্র বিদ্যাপীঠের শিক্ষা-পরিবেশ বজায় রাখার জন্য প্রতিষ্ঠালগ্ন হতেই নিয়ম-শৃঙ্খলা অটুট রাখার ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ। নটর ডেম কলেজ বিশ্বাস করে গুণগত শিক্ষার পাশাপাশি একজন শিক্ষার্থীর আলোকময় ভবিষ্যতের জন্য প্রয়োজন মূল্যবোধ ও শৃঙ্খলা শিক্ষা, যা অনুসরণ করা অত্যন্ত জরুরি। এই দৃষ্টিতে অত্র বিদ্যাপীঠ শিক্ষার্থীদের জন্য নিজস্ব নিয়মাবলি প্রদান করে যা শিক্ষার্থীকে কলেজে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে অবশ্য পালনীয়। বর্তমানে সাময়িক একটি ঘটনার প্রেক্ষিতে সামাজিক যোগাযোগ মাধ্যমের বিভিন্ন প্লাটফর্ম হতে (যা নটর ডেম কলেজের নিজস্ব নয়) যে সকল তথ্য দেওয়া হচ্ছে তা সম্পূর্ণরূপে ভিত্তিহীন এবং অসত্য। তবে নটর ডেম কলেজ মনে করে কলেজের প্রতিটি শিক্ষার্থী নিয়মশৃঙ্খলার প্রতি সম্মান জানিয়ে তা পালন করবে।

নটর ডেম কলেজ দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য পারস্পরিক সহযোগিতা কামনা করে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে বিভিন্ন সময়ে উস্কানিমূলক, বিভ্রান্তিকর, অসত্য এবং মনগড়া তথ্য প্রদান থেকে বিরত থাকবার জন্য সবাইকে বিনীত অনুরোধ জানাচ্ছে।

অধ্যক্ষ

নটর ডেম কলেজ, ঢাকা